দৈনিক জনতা 142

তারিখ 26 JUL 1991
পৃষ্ঠা ১ কলাম ২

৫

দ্বিতীয় দিনেও ভার্সিটিসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সংঘর্ষ অব্যাহত

# সংঘাত বিক্ষুব্ধ নগরী রাজশাহী দিনভর বোমাবাজি ভাংচুর

নিজস্ব সংবাদদাতার ফোন ঃ রাজশাহী, ৯ শ্রাবণ (২৫ জুলাই)।— আজ দ্বিতীয় দিনেও রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ রাজশাহী মহানগরী অশান্ত ছিল। সারাদিন ধরে ব্যাপক বোমাবাজি, ধাওয়া-পাল্টা ধাওয়া চলেছে। গতকাল ব্যাপক ভাঙচুর হয়েছে। নিউ গবর্নমেণ্ট ডিগ্রি কলেজ ছাত্রাবাসে। এখানে কমপক্ষে ৫০টি কক্ষ তছনছ হয়েছে। গতকাল সারারাত রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ব্যাপক গোলাগুলি হয়েছে। সকালের দিকে শান্ত থাকলেও দুপুরে শহীদ হাবিবুর রহমান হলে ঘণ্টাখানেক বোমা হামলা হয়েছে। শহীদ হাবিবুর রহমান হলের অধিকাংশ ছাত্র হল ত্যাগ করেছে। বিআইপি শিক্ষক সমিতির সভাপতি ডঃ কাজী খায়রুল ইসলাম এক বিবৃতিতে কালকের ঘটনায় একটি ছাত্র সংগঠনকে জড়িত থাকার অভিযোগে দোষী সাব্যস্ত করে তাদের শাস্তি দাবি করেছে।

একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে বিআইপি'র পদত্যাগী পরিচালক ডঃ খ, ম ওলিউজ্জামান একটি ছাত্র সংগঠনের চাপের মুখে আজ রাজশাহী ত্যাগ করেছেন। বিআইপি'র হলসমূহ একটি ছাত্র সংগঠনের কর্মীরা জোর করে দখল করে রেখেছে। গোটা মহানগরীতে উত্তেজনা বিরাজ করছে। নিরাপত্তাজনিত কারণে মহানগরীর অধিকাংশ দোকানপাট দ্বিতীয় দিনের মত বন্ধ রয়েছে। শহরে পুলিশ টহল দিচ্ছে। জেলা প্রশাসক এ রিপোর্ট লেখা পর্যন্ত বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দের সাথে উদ্ভূত পরিস্থিতি নিয়ে ব্যাপক আলোচনা করছেন।

## তদন্ত কমিটি

গত ২৩ জুলাই দিবাগত রাতে

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## বিক্ষুব্ধ নগরী রাজশাহী

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের হবিবুর রহমান হলসহ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে সংঘটিত ঘটনাসমূহের তদন্ত করে সুপারিশসহ একটি প্রতিবেদন দেয়ার জন্যে কর্তৃপক্ষ রাষ্ট্রবিজ্ঞানের প্রফেসর আ, ন শামসুল হককে সভাপতি করে ৫ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটি ১৫ দিনের মধ্যে রিপোর্ট পেশ করবে। কর্তৃপক্ষ পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্যে সকলের সহযোগিতা কামনা করেছেন।

ইউএনবি জানায়, রাজশাহী শহর ও রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্রদল ও তাদের প্রতিদ্বন্দ্বীদের মধ্যে [illegible] বন্দুকযুদ্ধের ঘটনায় ১ জন ছাত্র বুলেটবিদ্ধ ও একজন [illegible] হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, একটি নৈশকোচের মালিক কিশোরকুমার গতকাল দুপুরে [illegible]